

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৮২

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৬৩. লিঙ্গ স্পর্শ করলে উযু করতে হবে কিনা।

بَابِ الْوُضُوءِ مِنْ مَسِّ الذَّكَرِ

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا عَبْدُ السَّلاَمِ بْنُ حَرْبٍ، عَنْ إِسْحَاقَ بْنِ أَبِي فَرْوَةَ، عَنِ النُّهْرِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الْقَارِيِّ، عَنْ أَبِي أَيُّوبَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى النُّهْرِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ مَنْ مَسَّ فَرْجَهُ فَلْيَتَوَضَّأُ ".

বাংলা

8/৪৮২। আবূ আইউব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুললাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যাক্তি তার লজ্জাস্থান স্পর্শ করলো সে যেন উয় (ওজু/অজু/অয়ু) করে।

English

It was narrated that Abu Ayyub said:

"I heard the Messenger of Allah say: 'Whoever touches his sexual organ, let him perform ablution.'"

ফুটনোট

তাহকীক আলবানী: সহীহ লিগাইরিহী। উক্ত হাদিসের রাবী ১. সুফইয়ান বিন ওয়াকী সম্পর্কে ইমাম বুখারী মন্তব্য করেছেন। ইমাম নাসাঈ বলেন, তিনি সিকাহ নন। ইবনু হিব্বান তিনি সত্যবাদী। ২. ইসহাক বিন আবু ফারওয়াহ সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, আমার মতে তার থেকে হাদিস বর্ণনা করা বৈধ নয়। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ নন বরং তিনি মিথ্যুক। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আমর বিন ফাল্লাস বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইমাম বুখারী বলেন তাকে সকলে প্রত্যাখ্যান করেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন